বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স

সূত্র নং: ডিসিপি(পিআর) ০৫/২০২৬-৫১৪ তারিখ : ১১ নভেম্বর, ২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক,
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক আয়োজিত ফাইন্যান্স কোম্পানিসমূহের দুই দিনব্যাপী 'ক্যামেলকো কনফারেন্স ২০২৬'

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন (AML/CFT) প্রতিরোধে দেশের আর্থিক খাতের সুরক্ষা জোরদারকরণ, সুশাসন প্রতিষ্ঠা এবং অংশীজনদের মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ (AMLD) এবং অ্যাসোসিয়েশন অব অ্যান্টি-মানিলন্ডারিং কমপ্লায়েন্স অফিসার্স অব ফাইন্যান্স কোম্পানিস ইন বাংলাদেশ (AACOF)-এর যৌথ উদ্যোগে ০৫-০৬ নভেম্বর ২০২৬ কক্সবাজারে **"ফাইন্যান্স কোম্পানি ক্যামলকো কনফারেন্স ২০২৬"** সফলভাবে অনুষ্ঠিত হয়েছে।

উক্ত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের সম্মানিত ডেপুটি গভর্নর জনাব মো: সরোয়ার হোসেন। অনুষ্ঠানে সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন বাংলাদেশ ব্যাংকের মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগের পরিচালক জনাব এ টি এম কামরুল কবীর ভূঞা। এছাড়া, উক্ত সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক সর্বজনাব মো. মোকসুদুজ্জামান ও মোঃ হারুন-অর-রশীদ এবং অ্যাসোসিয়েশন অব অ্যান্টি-মানিলন্ডারিং কমপ্লায়েন্স অফিসার্স অব ফাইন্যান্স কোম্পানিস ইন বাংলাদেশ (AACOF)-এর সভাপতি জনাব মাহবুব-উল-কাদের।



আলোচ্য সম্মেলনে AMLD এবং AACOF-এর যৌথ উদ্যোগে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা হিসেবে '**Joint Strategy Statement 2026-2027**' আনুষ্ঠানিকভাবে গৃহীত হয়। উক্ত কর্মপরিকল্পনার মাধ্যমে ২০২৬-২০২৭ সময়কালে আর্থিক খাতে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কার্যক্রম অধিকতর জোরদার এবং একটি স্বচ্ছ, সুশাসিত ও জন আস্থাভিত্তিক আর্থিক খাত গড়ে তুলতে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হয়। উক্ত কর্মপরিকল্পনায় অন্যান্য বিষয়সমূহের সাথে নিম্ন বর্ণিত বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করা হয়-

(১) **Agreement on Key Priorities, Responsibilities and Action Points**, যাতে মানিলন্ডারিং প্রতিরোধে প্রধান অগ্রাধিকার খাতসমূহ চিহ্নিত করা হয়। পাশাপাশি বাংলাদেশ ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিগুলোর নিজ নিজ দায়িত্ব এবং সুনির্দিষ্ট কর্মতালিকা (Action Points) নির্ধারণ করা হয়, যা মানিলন্ডারিং ঝুঁকি মোকাবিলায় সুনির্দিষ্ট পথপঞ্জি হিসেবে কাজ করবে; এবং

(২) **CAMLCO–FC Joint Strategy Statement** অন্তর্ভুক্ত করা হয়, যা ফাইন্যান্স কোম্পানিগুলোর কমপ্লায়েন্স সংস্কৃতিকে আরও সুদৃঢ় ও প্রাতিষ্ঠানিক রূপ দিতে একটি যৌথ অঙ্গীকারনামা হিসেবে কাজ করবে।

চলমান পাতা - ২

ফাইন্যান্স কোম্পানিগুলোতে মানিলন্ডারিং প্রতিরোধ ব্যবস্থাকে কেবল আনুষ্ঠানিকতার মধ্যে সীমাবদ্ধ না রেখে একটি কার্যকর সংস্কৃতিতে রূপান্তর করার ওপর এ কনফারেন্স-এ জোর দেওয়া হয়। এছাড়া, প্রতিটি ফাইন্যান্স কোম্পানিগুলোর ব্যবসার ধরণ অনুযায়ী ঝুঁকিভিত্তিক দৃষ্টিভঙ্গি (Risk-Based Approach) অনুসরণ এবং প্রতিষ্ঠানের 'এএমএল/সিএফটি রেটিং'-এর গুরুত্ব তুলে ধরা হয়। এছাড়া, রেগুলেটর ও ফাইন্যান্স কোম্পানিগুলোর মধ্যে নিবিড় সমন্বয়, সন্দেহজনক লেনদেন (STR/SAR) দ্রুত চিহ্নিতকরণ ও সঠিক রিপোর্টিংয়ের ওপর সর্বোচ্চ গুরুত্বারোপ করা হয়।

উক্ত সম্মেলনে বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম অফিস-এর পরিচালক জনাব স্বরূপ কুমার চৌধুরী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ফাইন্যান্স কোম্পানি সুপারভিশন ডিপার্টমেন্ট-এর পরিচালক জনাব দেবাশীষ সরকার, ফাইন্যান্স কোম্পানি রেগুলেশন্স এন্ড পলিসি ডিপার্টমেন্ট-এর পরিচালক জনাব আবুল কালাম আজাদ, সুপারভাইজারি পলিসি এন্ড কো-অর্ডিনেশন ডিপার্টমেন্ট-এর পরিচালক জনাব মোহাম্মদ আব্দুর রব এবং মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। এছাড়াও কনফারেন্সে বিভিন্ন ফাইন্যান্স কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা (MD/CEO) সহ ফাইন্যান্স কোম্পানিসমূহের ক্যামেলকো (CAMLCO) এবং ডেপুটি ক্যামেলকোবৃন্দ উপস্থিত ছিলেন।

দেশকে আর্থিক অপরাধের ঝুঁকি থেকে মুক্ত রাখতে এবং একটি নিরাপদ, স্বচ্ছ ও টেকসই অর্থনৈতিক পরিবেশ গড়ে তুলতে বাংলাদেশ ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিগুলোর মধ্যে এ ধরনের যৌথ উদ্যোগ ও তদারকি কার্যক্রম অব্যাহত রাখার বিষয়েও সিদ্ধান্ত গৃহীত হয়।

জাতীয় স্বার্থে উল্লিখিত প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য বিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(সাঈদা খানম)
পরিচালক (এক্স ক্যাডার-প্রকাশনা) ও সহকারী মুখপাত্র
বাংলাদেশ ব্যাংক,
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
টেলিফোন: ৯৫৩০১৮০
E-mail: sayeda.khanam@bb.org.bd